



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ  
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৪৬

তারিখ : ০৯/০১/২০২২

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা ওয়াসা “বিল কালেকশন এ্যাওয়ার্ড  
ঢাকা ওয়াসা এগিয়ে যাচ্ছে, আরো এগিয়ে যাবে- বললেন স্থানীয় সরকার মন্ত্রী।



রবিবার ০৯ জানুয়ারি, ২০২২ রাজধানীর স্থানীয় একটি হোটেলে ঢাকা ওয়াসা “বিল কালেকশন এ্যাওয়ার্ড ২০২০-২০২১ অর্থবছর” শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব মুহাম্মদ ইব্রাহিম, বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান।

স্থানীয় সরকার মন্ত্রী তার বক্তব্যে বলেন যে, আমাদের এই মাতৃভূমি বাংলাদেশ আজ সারা বিশ্বের জন্য একটি রোল মডেল। ১৯৭১ সালের মহান স্বাধীনতার যুদ্ধের পূর্বে এ দেশের মাথা পিছু আয় ছিল মাত্র ৭৭ ডলার। দেশ স্বাধীন হওয়ার পর জাতির পিতা বঙ্গবন্ধুর সুদক্ষ নেতৃত্বে মাত্র সাড়ে তিন বছরে মাথা পিছু আয় দাঁড়ায় ২৭৭ ডলারে। বর্তমানে তাঁরই সুযোগ্য কন্যা, মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুদক্ষ দিক নির্দেশনায় দেশ আজ উন্নয়নের মহা সড়কে পৌঁছে গেছে। আজ দেশে বিদ্যুতের ঘাটতি নেই, রাজধানীতে পানির ঘাটতি নেই। এসবই উন্নয়নের এক একটি মাইল ফলক। বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় ২৪৫০ ডলার, অচিরেই তা ৩,০০০ ডলারে উন্নীত হবে বলে আশা করা যাচ্ছে।

শেখ হাসিনা  
০৯/০১/২০২২


২০০৭-০৮ সালে ঢাকা শহরে পানির জন্য হাহাকার ছিল। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর ঢাকা ওয়াসার ব্যবস্থাপনায় আমূল পরিবর্তন আসে। ওয়াটার মাষ্টার প্ল্যান, স্যুর মাষ্টার প্ল্যান তৈরি সহ নানা আধুনিক পরিকল্পনা গ্রহন করা হয়। ঢাকা শহরের পুরানো জরাজীর্ণ পাইপলাইন পরিবর্তন করে অত্যাধুনিক ডিএমএ ( ডিষ্ট্রিক্ট মিটারড এরিয়া) পদ্ধতিতে এইচডিপিই (হাই ডেনসিটি পলি ইথাইনিল) পাইপের মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। ফলে সরবরাহকৃত পানির মান ভালো হচ্ছে। অনলাইন ব্যাংক/বিকাশ/নগদ/সিওর ক্যাশ ইত্যাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আজ ঘরে বসেই পানির বিল পরিশোধ করা যাচ্ছে। ফলে ঢাকা ওয়াসা আজ ডিজিটাল ওয়াসায় পরিনত হয়েছে। ঢাকা ওয়াসা আজ চাহিদার উদ্বৃত্ত পানি উৎপাদনে সক্ষম।

বাংলাদেশ সিকিউরিটি এন্ড একচেঞ্জ কমিশনের চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম জানান যে, বর্তমানে ঢাকা ওয়াসা শুধুমাত্র রোল মডেল হিসেবে স্বীকৃতি পায়নি বরং এ সেবা প্রতিষ্ঠানটির বিভিন্ন উন্নয়ন প্রকল্প আর্থিক ভাবে লাভজনক হিসেবে বিশ্বব্যাপি পরিচিতি পেয়েছে। এ সেবা সংস্থাটির আর্থিক সক্ষমতা কোন পর্যায় গেলে অর্থলগ্নিকারি প্রতিষ্ঠানগুলো তাদের আগ্রহ ব্যক্ত করে তা গত লন্ডন স্টক একচেঞ্জ সম্মেলনে প্রকাশ পেয়েছে। সুতরাং ঢাকা ওয়াসাতে অর্থলগ্নি করা লাভজনক-তা আজ প্রমানিত।

অতিরিক্ত সচিব জনাব জনাব মুহাম্মদ ইব্রাহিম জানান, বর্তমান ব্যবস্থাপনায় ঢাকা ওয়াসা অভাবনীয় উন্নয়ন ঘটিয়েছে। বিশেষতঃ ঢাকা শহরে পানি সরবরাহে চাহিদার তুলনায় উৎপাদন সক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে।

পরিশেষে, সভাপতি তাকসিম এ খান ঢাকা ওয়াসাকে উন্নয়নের অগ্রযাত্রায় এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। **'Bill Collection Award' FY-2020-21** অনুষ্ঠানে প্রথম স্থান অধিকার করেন **First Security Islami Bank Ltd**, দ্বিতীয় স্থান অধিকার করেন **Premier Bank Ltd**, তৃতীয় স্থান অধিকার করেন **South-east Bank Ltd**.

এছাড়া অন্যান্য ব্যাংকগুলোকে সম্মাননা সূচক সার্টিফিকেট প্রদান করা হয়। উল্লেখ্য, মোট ৩৪ টি ব্যাংক ঢাকা ওয়াসার পক্ষে বিল কালেকশন করে থাকে।

  
৩১/১/২০২২

এ. এম. মোস্তফা তারেক  
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।